

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৫৯.১৩ - ৭৫৬

তারিখঃ ২৩/০৬/২০২১ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রকোপ থাকা সত্ত্বেও বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভূক্ত সকল উপজেলায় ঋণ সংক্রান্ত কার্যক্রম গতিশীল থাকলেও পাইকগাছা উপজেলায় গ্রহণযোগ্য কোন ঋণ কার্যক্রম নেই; এতে দায়িত্বে অবহেলার বিষয়টি সুস্পষ্টভাবে প্রতীয়মান হয়। এছাড়া আপনি কর্মস্থলে অবস্থান করলেও সুফলভোগীদের ঋণ চাহিদা থাকা সত্ত্বেও স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা এবং মাঠ পর্যায়ে পরিদর্শন না করে নিজ বাসায় অবস্থান করেন মর্মে তথ্য রয়েছে। তাছাড়া আপনার উপজেলায় ০১ জন মাঠ সংগঠক দীর্ঘদিন অননুমোদিত অনুপস্থিত থাকা সত্ত্বেও আপনি কোনরূপ ব্যবস্থা গ্রহণ অথবা কর্তৃপক্ষকে অবহিত করেননি। সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায়, জানুয়ারি'২১ মাসে উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ছিল ২৭.০০ লক্ষ টাকা যা ক্রমবর্ধমান হারে বৃদ্ধি পেয়ে জুন'২১ মাসে হয়েছে ৩৭.০০ লক্ষ টাকা। উল্লেখ্য, ইতোপূর্বে আপনার দায়িত্বে অবহেলা, উদাসীনতা ও কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করে বিভিন্ন সভায় অংশগ্রহণ না করার জন্য স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ব্যাখ্যা তলব করা হয়; তদুপরি আপনার আচরণের কোনরূপ সংশোধন পরিলক্ষিত হয়নি। তাই উক্ত উপজেলায় কর্মসূচি'র কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন তথা সুফলভোগীদের দ্রুততম সময়ে সেবা নিশ্চিতকরণের স্বার্থে আপনার বিরুদ্ধে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, দায়িত্বে অবহেলা, উদাসীনতা ও কর্তৃপক্ষের নির্দেশনা অমান্য করায় কেন আপনার সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কোন কারন দর্শানো ব্যতিরেকে কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

মুহাম্মদ ইকবাল কবীর
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা
ইরেসপো, বিআরডিবি
উপজেলাঃ পাইকগাছা জেলাঃ খুলনা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ খুলনা।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (কর্মসূচি'র ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ পাইকগাছা জেলাঃ খুলনা।
৪. অফিস নথি।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।